# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 05 May, 2025

গাইবান্ধা জেলা কারাগার থেকে জামিনে মুক্তির পর খান মো. সাঈদ হোসেন জসিম নামে এক আওয়ামী লীগ নেতাকে গ্রেফতার করা হয়েছে। সোমবার (৫ মে) সকাল সাড়ে ১০টার দিকে গাইবান্ধা জেলা কারাগারের সামন থেকে তাকে গ্রেফতার করে পুলিশ।পরে তাকে পুলিশের একটি পিকআপ ভ্যানে সদর থানায় নিয়ে যাওয়া হয়।

গ্রেফতার খান মো. সাঈদ হোসেন জসিম গাইবান্ধা জেলা পৌর আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক।পেশায় ঠিকাদার জসিম গাইবান্ধা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সহ সভাপতি ছিলেন।তিনি পৌর শহরের নতুন বাজার মহুরি পাড়ার (বিহারি পট্টি) মতিন মিয়ার ছেলে বিষয়টি নিশ্চিত করে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (□ওসি) শাহিনুর ইসলাম তালুকদার জানান, জেলগেট থেকে আওয়ামী লীগ নেতা সাঈদ হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে গ্রেফতারের সময় জসিম নিজেকে নির্দোষ দাবি করে বলেন, তিন মামলায় গ্রেফতার হয়ে কারাভোগের পর উচ্চ আদালত থেকে জামিন পেয়েছি।আমার বিরুদ্ধে আর কোনও মামলা বা অভিযোগ নেই।এ সময় পুলিশের কাছে তাকে গ্রেফতারের কারণ জানতে চান তিনি।

এর আগে, বৃহস্পতিবার (৩ এপ্রিল) রাতে পৌর শহরের পুরাতন বাজার এলাকার একটি বাসা থেকে তাকে গ্রেফতার করে জেলা পুলিশের গোয়েন্দা (ডিবি) শাখার সদস্যরা বিএনপি ও যুবদলের অফিস ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় গত বছরের ২৬ আগস্ট সদর থানায় বিস্ফোরক দ্রব্য আইনে দায়ের হওয়া দুটি মামলার এজাহার ভুক্ত আসামি জসিম।

এছাড়া পলাশবাড়ী উপজেলায় যুবদলের কর্মীসভায় হামলা ও হত্যাচেষ্টার ঘটনায় দায়ের হওয়া মামলার আসামি হিসেবেও নাম আছে তার।

গাইবান্ধা জামিন আওয়ামী লীগ চেম্বার অব কমার্স ।বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:28

URL: https://www.timestodaybd.com/across-the-country/5132461943